

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯/২০১২

১৫ শ্রাবণ, ১৪১৯
তারিখ : -----
৩০ জুলাই, ২০১২

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক কর্তৃক স্থায়ী সম্পদ ক্রয়।

ব্যাংক কর্তৃক স্থায়ী সম্পদ ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ ২৫ জানুয়ারী ২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংকের প্রধান কার্যালয়ের নিজস্ব ব্যবহার ছাড়া অন্য কোন প্রয়োজনে জমি, ভবন বা ফ্লোর স্পেস ক্রয় কিংবা ১০ (দশ) বছর ও তদূর্ধ্ব মেয়াদে ইজারা গ্রহণ করা যাবে না। তবে, সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় ব্যাংক শাখার জন্য ফ্লোর স্পেস ক্রয় বা ইজারা গ্রহণ করা যাবে। ব্যাংকের জন্য উক্তরূপে জমি, ভবন বা ফ্লোর স্পেস ক্রয়/ইজারা গ্রহণের ক্ষেত্রে নির্দিষ্ট ছকে (সংযোজনী-ক) ও পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপি সহ বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমতির জন্য আবেদন করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৪

ব্যাংক কর্তৃক স্থায়ী সম্পদ ক্রয়/ইজারা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি ।

- ১। ব্যাংক-কোম্পানীর নাম :
- ২। জমি, ভবন বা ফ্লোর স্পেসের তফসিল (বিস্তারিত ঠিকানা) :
- ৩। জমি, ভবন বা ফ্লোর স্পেসের পরিমাণ :
- ৪। জমি, ভবন বা ফ্লোর স্পেসের মূল্য (জমির ক্ষেত্রে প্রতি কাঠা/শতাংশের মূল্য এবং ফ্লোর স্পেসের ক্ষেত্রে প্রতি বর্গফুটের মূল্য) :
- ৫। জমি, ভবন বা ফ্লোর স্পেসের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণঃ
- ৬। জমি, ভবন বা ফ্লোর স্পেস ক্রয়ের উদ্দেশ্য :
- ৭। বর্তমানে ব্যাংক কর্তৃক ক্রয়কৃত/ধারণকৃত সম্পত্তির ঠিকানা ও পরিমাণ :
- ৮। অন্যান্য তথ্য (যদি থাকে) :

(প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর, নাম, সীলমোহর)